গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।
www.dss.barisaldiv.gov.bd

## সমাজসেবা অধিদপ্তর, বরিশাল বিভাগের উপপরিচালক/সমমান ও অন্যান্য সদস্যদের অংশগ্রহণে অক্টোবর ২০২৫ খ্রি. মাসের সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব শাহ মো: রফিকুল ইসলাম, পরিচালক (উপসচিব), বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।

তারিখ ও সময় : ১০ নভেম্বর ২০২৫ খ্রি.; সময়: সকাল ১০:৩০ ঘটিকা।

স্থান : সভাকক্ষ, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সমাজসেবা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা অধিশাখার পরিচালক জনাব মোঃ মোশাররফ হোসেন, অতিরিক্ত পরিচালক জনাব এম এম মাহমুদুল্লাহ ও উপপরিচালক জনাব মোঃ নুরুল হক মিয়া উপস্থিত ছিলেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভাপতির অনুমতিক্রমে জনাব স্বপন কুমার মুখার্জী, অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীর উপর উপস্থিত সদস্যবৃন্দের মধ্য হতে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | কোন সংশোধনী না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল। |
| ০২. ভাতা ও উপবৃত্তি কার্যক্রম | ২০২৫-২৬ অর্থ বছরের ১ম কিস্তি পে-রোল ছাড় করা হয়েছে বলে উপপরিচালকগণ জানান। পরিচালক, সামাজিক নিরাপত্তা, সমাজসেবা অধিদপ্তর জানান যে, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ৩য় কিস্তি পে-রোল হতে উপকারভোগীর নিবন্ধিত মোবাইল ফোনের এমএফএস অ্যাকাউন্ট (নগদ, বিকাশ, রকেট, উপায়) ব্যতীত ভাতার টাকা যাবেনা। এ বিষয়টি ব্যাপক প্রচার প্রচারণা এবং উপজেলার অফিসারদের নিয়ে সভা করার জন্য তিনি সকল উপপরিচালককে নির্দেশনা প্রদান করেন। এছাড়া বিভাগীয় পরিচালককে সামগ্রিক বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান নতুন ভাতাভোগীদের অনলাইন আবেদন প্রক্রিয়া এখনও চলমান। এ বিষয়ে যেকোনো প্রয়োজনে অধিদপ্তরের মনিটরিং টিমের সহায়তা নেয়া যেতে পারে মর্মে সকলকে অবহিত করেন। | ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি. এর পর ভাতাভোগীর জাতীয় পরিচয় পত্রের বিপরীতে নিবন্ধিত সিম ছাড়া ভাতা বন্ধ হয়ে যাবে। উপকারভোগীদের জাতীয় পরিচয়পত্রের বিপরীতে নিবন্ধিত এম, এফ, এস অ্যাকাউন্টে (নগদ, বিকাশ, রকেট, উপায়) পে-রোল অনুমোদন/ছাড় করতে হবে। এ বিষয়টি সকলকে অবহিত করার জন্য ব্যাপক প্রচার-প্রচারণা চালাতে হবে। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল), বরিশাল বিভাগ।<br>উপজেলা /শহর সমাজসেবা অফিসার (সকল)<br>বরিশাল বিভাগ। |
| ০৩. ঋণ কার্যক্রম সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত | অবিনিয়োগকৃত সকল অর্থ বিনিয়োগের ব্যাপারে আলাচনা হয়। আর এস এস কার্যক্রমে বরিশাল জেলায় ৫৭০৫২২৫/-, পটুয়াখালীতে ৩০০১৮৫৩/-, বরগুনায় ৩৬৯০৮৩০/-, ভোলায় ১০৯২৬৩৪/-, ঝালকাঠিতে ১৪০১৫৫০, পিরোজপুরে ১৪৩৪৪২৪/- টাকা অবিনিয়োগকৃত রয়েছে। আর এম সি কার্যক্রমে বরিশাল জেলায় ৪৪৫৩৩৫০/-, পটুয়াখালীতে ৩৫০৭৫৯০, বরগুনায় ৩৯৮৪৮৮৮/-, ভোলায় ১২৭৬০৯০/- , ঝালকাঠিতে ৭৩৬৫০০/-, | অবিনিয়োগকৃত অর্থ দ্রুত বিনিয়োগ করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিশেষ করে ফিল্ড সুপারভাইজার ও ইউনিয়ন সমাজকর্মীদের এ কাজের KPI (Key Performance Indicator) নিশ্চিত করতে হবে। তাদের ঋণ গ্রহীতাদের দোরগোড়ায় গিয়ে অনাদায়ী অর্থ আদায় করতে হবে। উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়ে পরিদর্শনে গিয়ে কিস্তি আদায় রশিদ, ব্যাংকের জমা স্লিপ, রেজিস্টার যাচাই-বাছাই করে কোনো কর্মচারীর নিকট হস্তমজুদ আছে কিনা তা দেখতে হবে। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)<br>উপজেলা /শহর সমাজসেবা অফিসার (সকল)<br>বরিশাল বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | পিরোজপুরে ১৮৫৪৫৮০/- টাকা অবিনিয়োগকৃত রয়েছে। এসব টাকা দ্রুত বিনিয়োগের বিষয়ে আলোচনা হয়। এছাড়া আদায়ের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট কর্মচারীদের মাঠ পর্যায়ে অধিক গুরুত্বের সাথে কাজ করার জন্য উপপরিচালকগণ নির্দেশ প্রদান করেছেন মর্মে সভাকে জানান। | | |
| ০৪. ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত | ২০২৫-২৬ অর্থ বছরে ১ম কিস্তিতে (জুলাই-ডিসেম্বর ২০২৫) ৫০৫ টি এতিমখানার ১৪,৯২২ জন নিবাসীর জন্য মাসে ২,০০০/- হারে চাহিদা প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সকল সংশ্লিষ্ট কার্যালয়ের ওয়েবসাইটে ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানার তালিকা আপলোডের বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয় থেকে অর্থ ছাড় হওয়ার পর উক্ত অর্থ ব্যয় করার ক্ষেত্রে উপজেলা ব্যবস্থাপনা কমিটির পরামর্শ গ্রহণ করতে হবে। এছাড়া নিবাসীর উপস্থিতি অবশ্যই নিশ্চিত করতে হবে। নাম সর্বস্ব প্রতিষ্ঠানের গ্রান্ট বাতিলের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল সংশ্লিষ্ট কার্যালয়ের ওয়েবসাইটে ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানার তালিকা আপলোড করতে হবে। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)<br>উপজেলা /শহর সমাজসেবা অফিসার (সকল)<br>বরিশাল বিভাগ |
| ০৫. ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীদের আর্থিক অনুদান বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত | ২০২৫-২৬ অর্থ বছরের ১র্থ কিস্তিতে এ বিভাগে মোট ৩,১০,৫০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। পিরোজপুর ও ঝালকাঠি জেলা ইতোমধ্যে অর্থ বিতরণ করেছেন। বাকি জেলার বিতরণ প্রক্রিয়াধীন রয়েছে মর্মে উপপরিচালকগণ জানান। | উপপরিচালকগণকে জেলা প্রশাসকদের সাথে সমন্বয় করে দ্রুত সময়ের মধ্যে নীতিমালা মোতাবেক অর্থ বিতরণ করতে হবে। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)<br>বরিশাল বিভাগ |
| ০৬. হাসপাতাল সমাজসেবা কার্যক্রম সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত | সকল হাসপাতালগুলোতে রোগী কল্যাণ সমিতির যে পৃথক কমিটি রয়েছে সেই কমিটির মাধ্যমে সেবা প্রদান বৃদ্ধি ও যাকাত আদায়ের ক্ষেত্রে প্রচার প্রচারণা বৃদ্ধি করার আলোচানা করা হয়। | উপজেলা পর্যায়ের রোগী কল্যাণ সমিতিগুলোকে সচল করার জন্য বলা হয়। রোগী কল্যাণ সমিতির বিষয়ে সাধারন মানুষ অবগত নয়। এ বিষয়ে উপজেলা সমন্বয় সভায় আলোচনা করার জন্য সকল সমাজসেবা অফিসারকে উপপরিচালকগণ নির্দেশনা প্রদান করবেন। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)<br>হাসপাতাল/উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল)<br>বরিশাল বিভাগ |
| ০৭. প্রতিষ্ঠান সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত | সরকারি শিশু পরিবারসহ সকল প্রতিষ্ঠানের নিবাসী ভর্তি ও খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসাসহ যাবতীয় বিষয়ে আলোচনা করা হয়।<br>'ঙ' গ্রুপের মালামাল সরবরাহের সময় জেলা প্রশাসকের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়।<br>নিবাসীদের সাথে উপপরিচালকগণ সুবিধামত সময়ে কাউন্সিলিং করার বিষয়ে আলোচনা করা হয়। | নির্ধারিত চার্ট অনুযায়ী নিবাসীদের খাবার সরবরাহ করার জন্য বলা হয়। 'ঙ' গ্রুপের মালামাল গ্রহণের সময়ে অবশ্যই জেলা প্রশাসক ও পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশালকে অবহিত করতে হবে যেন তাঁরা বা তাঁদের প্রতিনিধি উপস্থিত রাখতে পারেন।<br>নিবাসীর মানসিক দক্ষতা বৃদ্ধিতে উপপরিচালকগণ তাদের সুবিধামত সময়ে কাউন্সিলিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জরাজীর্ণ এবং মেরামতযোগ্য প্রতিষ্ঠানের প্রাক্কলন প্রস্তুত করে অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)<br>উপতত্ত্বাবধায়ক/সমমান (সকল)<br>বরিশাল বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ০৮. ভিক্ষুক পুনর্বাসন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত | উপপরিচালকগণ জানান যে, বরাদ্দ প্রাপ্তির পর তাঁরা উপজেলা/শহর সমাজসেবা অফিসারদের একাউন্টে অর্থ বিতরণ করেছেন। সে অর্থ উপজেলার অ্যাকাউন্টে জমা রয়েছে। | উপজেলা/শহর সমাজসেবা অফিসারদেরকে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ভিক্ষুক পুনর্বাসনের নিমিত্তে অর্থ ব্যয় করতে হবে। পুনর্বাসনে কোনো নগদ অর্থ প্রদান করা যাবেনা। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>উপজেলা /শহর সমাজসেবা অফিসার (সকল)<br>বরিশাল বিভাগ |
| ০৯. ডি- নথি কার্যক্রম | উপপরিচালকগণ ডি-নথি ব্যবহার শুরু করলেও উপজেলা/প্রতিষ্ঠান পর্যায়ে ডি-নথি ব্যবহারে আন্তরিকতা পোষণ করছেন না বলে অনুমিত হয়। তাছাড়া বিভাগের অধিকাংশ সহকারী পরিচালক এবং উপজেলা/শহর সমাজেসেবা অফিসারকে ডি-নথি সিস্টেমেই পাওয়া যাচ্ছে না। বিশেষকরে পটুয়াখালী জেলার ডি-নথি কার্যক্রম অনেক বৃদ্ধি করতে হবে। Less Paper Office ব্যবস্থাপনার জন্য ইলেকট্রনিক পদ্ধতিতে তথ্য আদান প্রদান জরুরি। | উর্ধ্বতন ও অধস্তন কার্যালয়ের সাথে ডি-নথির মাধ্যমে উপপরিচালকগণ ও অন্যান্য অফিসারগণ নিয়মিত পত্র আদান-প্রদান করবেন। উপপরিচালকগণকে এ কার্যালয়ের সাথে ডি-নথির মাধ্যমে সকল পত্র আদান প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। জেলা কার্যালয়সহ সকল ইউনিটে দ্রুতগতি সম্পন্ন ইন্টারনেট সংযোগ স্থাপন করতে হবে। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল), বরিশাল বিভাগ |
| ১০. এতিম, দু:স্থ ও প্রতিবন্ধী মেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালী | মহাব্যবস্থাপক, এতিম, দু:স্থ ও প্রতিবন্ধী মেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালী বলেন, প্রতিষ্ঠানের সকল আসন বর্তমানে পরিপূর্ণ রয়েছে। প্রশিক্ষণের নিমিত্ত এ বিভাগের সকল প্রতিষ্ঠান হতে নিবাসী প্রেরণের জন্য উপপরিচালকগণকে তিনি অনুরোধ করেন। এছাড়াও তিনি বলেন, প্রতিষ্ঠান চালু হবার সময়ে যেই কম্পিউটার প্রদান করা হয়েছিলো তা দিয়েই এখনও কার্যক্রম চলছে বিধায় প্রশিক্ষণ কার্যক্রম ব্যহত হচ্ছে। | আঠার উর্ধ্বের নিবাসীদের এতিম, দু:স্থ ও প্রতিবন্ধী মেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালীতে প্রশিক্ষণের জন্য প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। এতিম, দু:স্থ ও প্রতিবন্ধী মেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালীর মহাব্যবস্থাপককে সকল প্রতিষ্ঠানে গিয়ে নিবাসীদের প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে। | জেনারেল ম্যানেজার<br>ও<br>সংশ্লিষ্ট<br>কর্মকর্তা / কর্মচারী (সকল)<br>উপতত্ত্বাবধায়ক/সমমান (সকল), বরিশাল বিভাগ |
| ১১. আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল। | সমাজসেবা অধিদপ্তরের কর্মচারীদেরকে যুগোপযুগী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করা প্রসঙ্গে আলোচনা হয়। | নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে সকল কর্মচারিকে দক্ষ করতে বলা হয় যাতে তাঁরা দক্ষতার সাথে স্বীয় দায়িত্ব পালন করতে পারে। | অধ্যক্ষ, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল |
| ১২. সামাজিক নিরাপত্তার সভা আয়োজন ও বাস্তবায়ন। | সামাজিক নিরাপত্তার নিয়মিত সভা আহ্বানসহ সঠিকভাবে বাস্তবায়ন করার উপর আলোচনা করা হয়। | সামাজিক নিরাপত্তার নিয়মিত সভা আহ্বানসহ সংশ্লিষ্টদের কার্যবিবরণী প্রেরণ করতে হবে। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল), বরিশাল বিভাগ |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Islam
১০।১১।২০২৫

(শাহ মো: রফিকুল ইসলাম)
পরিচালক (উপসচিব)
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।
মোবাইলঃ ০১৮১৪৭১৫২৫২

স্মারক নং- ৪১.২১.০০০০.০০০.০৬.২৩৫.২১.৬৩৮

তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২.মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, বরিশাল।
০৪. জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ।
০৫. পরিচালক (প্রশাসন ও অর্থ / কার্যক্রম / প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬. উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৭. উপপরিচালক/সমমান (সকল), বরিশাল বিভাগ।
০৮. অধ্যক্ষ, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।
০৯. সহকারী পরিচালক (সকল), বরিশাল বিভাগ।
১০. সমাজসেবা অফিসার, হাসপাতাল সমাজসেবা কার্যালয়, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল/জেনারেল হাসপাতাল, বরিশাল।
১১. উপতত্ত্বাবধায়ক/সমমান (সকল), বরিশাল বিভাগ।
১২. অফিস কপি।

১০/১১/২৫

(শাহপার পারভীন)
উপপরিচালক
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।